

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
আইসিটি শাখা
www.khulna.gov.bd

স্মারক নম্বরঃ ০৫.৪৪.৪৭০০.০৩২.১৪.০২১.১৮-১০০

তারিখঃ ৩ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ
১৮ জুলাই, ২০১৮ খ্রি.

বিষয়ঃ ন্যাশনাল ওয়েব পোর্টাল বিষয়ক প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থীর অংশগ্রহণ নিশ্চিতকরণ।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, এটুআই প্রোগ্রাম, ঢাকা ও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সরকারি বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করণ করার কাজ চলমান রয়েছে। এরই ধারাবাহিকতায় প্রতি ইউনিয়ন থেকে একজন ইউনিয়ন ডিজিটাল সেন্টার-এর উদ্যোক্তাকে ওয়েব পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয়েছে। এ লক্ষ্যে আপনার উপজেলার সকল ইউনিয়ন থেকে একজন ইউনিয়ন ডিজিটাল সেন্টার-এর উদ্যোক্তাকে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী প্রশিক্ষণে উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য, সকল প্রশিক্ষণার্থীকে ল্যাপটপ, ইন্টারনেট মডেম ও মাল্টিপ্লাগসহ প্রশিক্ষণে উপস্থিত থাকতে হবে।

প্রশিক্ষণের সময়সূচিঃ

প্রশিক্ষণের তারিখ	-	২৩-০৭-২০১৮ খ্রি. হতে ২৪-০৭-২০১৮ খ্রি.
প্রশিক্ষণের সময়	-	প্রতিদিন সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৫:০০ টা পর্যন্ত।
প্রশিক্ষণের স্থান	-	সার্কিট হাউজ-এর সম্মেলন কক্ষ, খুলনা।

এমতাবস্থায়, তাঁর উপজেলাধীন সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার-এর একজন করে উদ্যোক্তাকে ওয়েব পোর্টাল বিষয়ক প্রশিক্ষণে যথাসময়ে অংশগ্রহণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক
০১ (এক) ফর্দ


(মো: ইমরান খান)
সহকারী কমিশনার (আইসিটি)
খুলনা।
ফোনঃ ০৪১-৭৩১৩৭৮ (অফিস)
ই-মেইল: khulnaict@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিঘলিয়া, খুলনা।


নম্বর- ০৫.৪৪.৪৭৪০.০০০.১২.০০১.১৭- ৭৮৬

তারিখঃ ১৯ জুলাই, ২০১৮ খ্রিঃ।

অনুলিপি (কার্যার্থে):

০১। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), দিঘলিয়া, খুলনা।

উপরোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক খুলনা জেলার দিঘলিয়া উপজেলার প্রত্যেক ইউনিয়ন ডিজিটাল সেন্টার একজন কম্পিউটারে দক্ষ উদ্যোক্তাকে নির্ধারিত সময়, তারিখ ও স্থানে আবশ্যিকভাবে প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


(শম্পা কুডু) ১৯/০৭/১৮

উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া, খুলনা।